যুগান্তর

MAR. 12 2002

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবি'র ভাষা ও সংস্কৃতি মেলা ২৪-২৬ মার্চ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

আগামী ২৪ থেকে ২৬ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে 'ভাষা ও সংস্কৃতি মেলা'। ভাষা আন্দোলনের সুবর্ণ জয়ন্তী,

মেলা : পৃষ্ঠা : ১৩ কলাম : ৬

## মেলা : ঢাবি

(৩য় পৃষ্ঠার পর)

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং স্বাধীনতা দিবস উপলক্ষে এ মেলার আয়োজন করা হয়েছে। মেলায় বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠান, বিদেশী মিশন ও এনজিও নিজ নিজ ভাষা এবং সংস্কৃতি তুলে ধরবে। দেশীয় কারুপণ্য, দেশজ পণ্য প্রদর্শন ও বিক্রি করতে পারবে যে কোন প্রতিষ্ঠান, সংস্থা, সংগঠন ও ব্যক্তি। স্টলের বরাদ্দ পেতে আগ্রহীদের আগামী ১৭ মার্চের মধ্যে কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করতে হবে।

তিন দিনব্যাপী মেলায় ভাষা সৈনিকদের সংবর্ধনা, স্মৃতিচারণ, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে। সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনে আগ্রহীদের আগামী ১৯ মার্চের মধ্যে টিএসসির কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে।